# ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,

ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd


স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৪. ৪২৩৬

তারিখঃ ০৬ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
২১ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্তে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | বেতন ও ভাতাদি | শিক্ষাগত/ অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০২ টি (কম/ বেশি হতে পারে) | ২০/১২/২০২৪ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩২ বছর। তবে আবেদনের শেষ তারিখ পর্যন্ত সরকারি চাকুরীতে প্রবেশের ক্ষেত্রে বয়সসীমা সরকার কর্তৃক পরিবর্তিত হলে তা প্রযোজ্য হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>খ) বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) কম্পিউটারে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সুন্দর ও পরিচ্ছন্ন কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>চ) সঠিক নথি পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।<br>ছ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং এবং কম্পিউটারে মৌলিক বিষয়ে পর্যাপ্ত জ্ঞান থাকা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। | ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা ব্যতীত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ। |
| ০২ | অফিস সহায়ক | ০২ টি (কম/ বেশি হতে পারে) | ২০/১২/২০২৪ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩২ বছর। তবে আবেদনের শেষ তারিখ পর্যন্ত সরকারি চাকুরীতে প্রবেশের ক্ষেত্রে বয়সসীমা সরকার কর্তৃক পরিবর্তিত হলে তা প্রযোজ্য হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৫,৫০০.০০ হতে ৩৯,১৭০.০০ এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) কমপক্ষে এসএসসি বা সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শি হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে **ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (http://pbs.jhenaidah.gov.bd)** অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট **(www.reb.gov.bd)** হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) A4 সাইজের কাগজে প্রবেশ পত্রসহ ০৪ পৃষ্ঠা ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণপূর্বক যে কোন তফসিলী ব্যাংক হতে **জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ**-এর অনুকূলে ১০০.০০ (একশ) টাকা মূল্যমানের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতঃ আগামী ২০/১২/২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ**-এ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন আবেদন ফরমে/ সাদা কাগজে/ সরাসরি/ টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

(অঃ পৃঃ দ্রঃ)

০২। **প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ**

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/ সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/ প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

গ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্ণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (ডাটা এন্ট্রি অপারেটর পদের জন্য)।

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওর্য়াড কমিশনার/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশন-এর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

ঙ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (০১ কপি ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে ও ০১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন-প্রবেশন" এ নিয়োগ প্রদান করা হবে। যোগদানের সময় সিভিল সার্জন/ স্বীকৃত মেডিকেল অফিসার/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বপক্ষে স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পবিস এর নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও ঝিনাইদহ পবিস-এর কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তে সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যে কোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৭। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

০৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূণ্য পদ পূরণ হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

১০। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্তকৃত/ স্বেচ্ছায় পদ ত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১১। খামের উপর প্রার্থীর নিজ নাম ও পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১২। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে আপন দুই বোন/ ভাই আবেদন করলে এবং নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা অর্জন করলে একজন নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে অপর বোন/ভাই নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা হারাবেন।

১৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান সর্বশেষ সরকারী নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১৫। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতাসহ দাখিলকৃত অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

( প্রকৌঃ মোহাম্মদ ওমর আলী )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ফরম নং- পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ISO 9001:2015 Certified

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ডাটা এন্ট্রি অপারেটর/ অফিস সহায়ক পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

০১. আবেদনকৃত পদের নাম ..................

০২. পদের ধরন .................. (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

০৩. বিজ্ঞাপনের সূত্র/ পত্রিকার নাম ..................

০৪. প্রকাশনার তারিখ ঃ ..................

০৫. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .................. (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ..................

০৬. জন্ম তারিখ (জাতীয় পরিচয় পত্র/ নিবন্ধন অনুযায়ী) ..................;

০৭. মাতার নাম ..................

০৮. বয়স (২০/১২/২০২৪ খ্রিঃ তারিখে) ........../.........../..................(দিন/মাস/বছর)

০৯. পিতার নাম ..................

১০. ধর্ম ..................

১১. জাতীয়তা ..................

১২. নিজ জেলা ..................

১৩. টেলিফোন/ মোবাইল নম্বর ..................

১৪. বৈবাহিক অবস্থা (টিক (√)দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৫. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক(√) দিন) ঃ

☐ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ☐ শারীরিক প্রতিবন্ধি ও তৃতীয় লিঙ্গ

১৬. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/ সড়ক/ বাড়ী .................. খ. ডাকঘর .................. গ. উপজেলা/ থানা .................. ঘ. জেলা ..................

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/ সড়ক/ বাড়ী .................. খ. ডাকঘর .................. গ. উপজেলা/ থানা .................. ঘ. জেলা ..................

১৮. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার নম্বর ..................

১৯. পোষ্টাল অর্ডার/ ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার এর মূল্য ..................

২০. ইস্যুর তারিখ ..................

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

২১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/ বিভাগ/ শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| এসএসসি/ সমমান | | | |
| এইচএসসি/ সমমান | | | |

২২. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হবে) ঃ

২৩. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৪. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/ পেশা, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৫. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/ না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/ লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

..................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
ঝিনাইদহ

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

এখানে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

## লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ .............................................

পরীক্ষার তারিখ ঃ .............................................

পরীক্ষার সময় ঃ .............................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ .............................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ .............................................

**নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ .........................**

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নামঃ .............................................................................................

প্রার্থীর নামঃ .............................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ঃ .....................................................

...............................................................................................

...............................................................................................

...............................................................................................

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ

# প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫(পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, ইলেকট্রনিক ডিভাইস, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মোবাইল ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষা কক্ষে ধুমপান নিষিদ্ধ।

৮। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। উল্লেখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে প্রয়োজন মনে করলে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সংগ্রহ করতঃ ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। পরীক্ষায় কৃতকার্য হলেও পরবর্তীতে কোন ত্রুটি ধরা পড়লে কিংবা যে কোন ধরনের অসংগতি পাওয়া গেলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

---